**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03-05-2026** **Desk in Charge : SDG**
**Time : 1-30 PM** **Edit. & Compile : Saibal B.**
**DEO : KB** **NRT : Chandrachur S.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) কেরলম, তামিলনাড়ু, অসম, কেন্দ্রশাসিত পুদুচ্চেরি ও পশ্চিমবঙ্গের ২৯৪’টির মধ্যে ২৯৩টি কেন্দ্রে বিধানসভা নির্বাচনের ভোটগণনা আগামীকাল। কড়া নিরাপত্তায় চলছে গণনার প্রস্তুতি।

২/ নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে ভোট সম্পূর্ণ বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। আগামী ২১শে মে এই কেন্দ্রে ভোটগ্রহণ। ভোট গণনা ২৪ শে মে।

৩/ দিল্লির বিবেক বিহারে আজ এক ভয়াবহ অগ্নিকান্ডে ৯’জনের প্রাণহানি ঘটেছে। গভীর শোক প্রকাশ করেছেন, দিল্লির উপরাজ্যপাল তারানজিৎ সিং সান্ধু ও মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত ।

৪) মেডিক্যাল শিক্ষার প্রবেশিকা পরীক্ষা নিট ইউজি আজ শুরু হচ্ছে। এবার সংযুক্ত আরব আমীরশাহীর দুটি কেন্দ্রেও পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

৫/ IPL ক্রিকেটে হায়দ্রাবাদে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখ হবে।

*************************************************************************

পশ্চিমবঙ্গ, কেরালা, তামিলনাড়ু, আসাম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরির বিধানসভা নির্বাচনের ভোট গণনাও আগামীকাল সকালে শুরু হবে।

তামিলনাড়ুতে, ৪৬২৪ জন মাইক্রো পর্যবেক্ষকের নজরদারিতে গণনার দায়িত্বে রয়েছেন মোট ১০ হাজার ৫৪৫ জন গণনাকর্মী । আমাদের সংবাদদাতা জানাচ্ছেন যে, প্রতিটি বিধানসভা কেন্দ্রের জন্য একজন করে মোট ২৩৪ জন গণনা পর্যবেক্ষক কার্যক্রম তদারকি করবেন।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ২৯৪ টির মধ্যে ২৯৩ টি কেন্দ্রে  বিধানসভা নির্বাচনের ভোট গণনা আগামীকাল।

************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণা আগামীকাল। সকাল ৮ টা থেকে শুরু হবে ভোটগণনা। প্রথমে পোস্টাল ব্যালট এবং তারপর ইভিএম-এর গণনা শুরু হবে। নির্বাচন কমিশন ভোটগণনা অবাধ ও স্বচ্ছ রাখতে ব্যাপক বন্দোবস্ত করেছে। প্রতিটি গণনাকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে জারি হয়েছে বিধি নিষেধ। সিসিটিভি ক্যামেরা ও ভিডিওগ্রাফির মাধ্যমে পুরো প্রক্রিয়ার ওপর নজর রাখা হচ্ছে।

************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে ভোট সম্পূর্ণ বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। নতুন করে ভোটগ্রহণের দিন ধার্য হয়েছে ২১শে মে। সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট নেওয়া হবে। গণনা ২৪শে মে। কমিশনের রিপোর্টে উঠে এসেছে যে ফলতা কেন্দ্রের ২৮৫ টি বুথেই ভোটগ্রহণ প্রক্রিয়া গুরুতরভাবে প্রভাবিত হয়েছে।

************************

আগামীকাল সোমবার, বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ সকাল ১০টা থেকে বিকেল চারটে পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান জনমত-২০২৬ সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে রাত আটটা পাঁচ থেকে ন'টা পর্যন্ত।

নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত।

আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ-টিউব চ্যানেল RNU-কলকাতা সোশ্যাল মিডিয়াতেও জনমত- ২০২৬ শোনা যাবে।

************************

জাতীয় রাজধানীর বিবেক বিহার এলাকায় এক ভয়াবহ অগ্নিকাণ্ডে ৯ জনের প্রাণহানি ঘটেছে।দিল্লি দমকল পরিষেবা জানিয়েছে, আজ খুব ভোরে তারা অগ্নিকাণ্ডের খবর পায়; এরপর আগুন নেভাতে ১৪টি দমকল ইঞ্জিন দ্রুত ঘটনাস্থলে পাঠানো হয়। তারা আরওজানিয়েছে, যে, সকাল ৬টা ২৫ মিনিটের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে
আনা সম্ভব হয়। দমকল কর্মকর্তা মুকেশ ভার্মা সাংবাদিকদের জানান, একটি চারতলা বাড়ির কয়েকটি তলায় এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তিনি বলেন, উদ্ধার ও আগুন নেভানোর অভিযানের সময় বাড়িটি থেকে ১৫ জনকে উদ্ধার করা হয়েছে। দিল্লির উপরাজ্যপাল তারানজিৎ সিং সান্ধু মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, শ্রী সান্ধু এই দুর্ঘটনায়
যাঁরা তাঁদের প্রিয়জন হারানো পরিবারগুলোর প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।তিনি আহতদের দ্রুত আরোগ্যও কামনা করেছেন। শ্রী সান্ধু বলেছেন যে, আহতদের
সমস্ত প্রয়োজনীয় চিকিৎসাসেবা নিশ্চিত করার পাশাপাশি ক্ষতিগ্রস্তদের জন্য অবিলম্বে ত্রাণ ও সহায়তা প্রদানের নির্দেশ কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত ঘটনাস্থল পরিদর্শন করে নিহতদের প্রতি গভীর শোকপ্রকাশ করেছেন।

************************

কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী এবং বিজেপির বরিষ্ঠ নেতা কিরেন রিজিজু অভিযোগ করেছেন যে, সমস্ত বিরোধী দল ক্রমাগত সরকারি সংস্থা, নির্বাচন কমিশন, ইলেকট্রনিক ভোটিং মেশিন, গণমাধ্যমের ওপর আক্রমণ চালিয়ে যাচ্ছে শুধু তাই নয়, তারা এখন বিচার বিভাগকে লক্ষ্যবস্তু করছে। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী রিজিজু বলেছেন,

এই দলগুলো বুঝতে পারছে না যে তারা দেশের গণতন্ত্রের মূলে আঘাত হানছে। তিনি আরও যোগ করেন যে, দেশের মানুষ তাদের উপযুক্ত জবাব দেবে এবং সারাজীবনের জন্য শিক্ষা দেবে।

************************

সংযুক্ত আরব আমিরশাহীতে অধ্যয়নরত ভারতীয় শিক্ষার্থীরাও আজ ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (NEET-UG) ২০২৬-এ অংশ নিচ্ছে। দুবাই এবং শারজাহ উভয় স্থানেই পরীক্ষা কেন্দ্র খোলা রয়েছে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি দ্বারা পরিচালিত এই লিখিত পরীক্ষাটি সংযুক্ত আরব আমীরশাহীর সময় দুপুর সাড়ে ১২ টা থেকে বিকেল সাড়ে তিনটে পর্যন্ত অনুষ্ঠিত হচ্ছে। দুবাইয়ের দ্য ইন্ডিয়ান হাই স্কুল এবং শারজাহর শারজাহ ইন্ডিয়ান স্কুলকে পরীক্ষা কেন্দ্র করা হয়েছে।দুবাইয়ে অবস্থিত ভারতীয় কনস্যুলেট জেনারেল এই পরীক্ষার তত্ত্বাবধান করছে।
উল্লেখ্য গোটা দেশজুড়ে আজ মেডিক্যাল এন্ট্রান্সের নিট পরীক্ষা নেওয়া হচ্ছে। পরীক্ষা শুরু হবে দুপুর ২টোয়। চলবে বিকেল ৫ টা পর্যন্ত।

************************

পশ্চিম এশিয়ায় সংঘাতের আবহে, ওপেক প্লাসভুক্ত দেশগুলো নীতিগতভাবে জুন মাসে তেলের উৎপাদন লক্ষ্যমাত্রা বৃদ্ধির বিষয়ে সম্মত হয়েছে। বিভিন্ন প্রতিবেদন অনুযায়ী, ওপেক প্লাস জোটের সাতটি দেশ আগামী মাসে তেলের উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক প্রায় ১ লক্ষ ৮৮ হাজার ব্যারেল বৃদ্ধির বিষয়ে একমত হয়েছে। ভূ-রাজনৈতিক সংকট এবং জোট থেকে সংযুক্ত আরব আমীরশাহীর বেরিয়ে যাওয়ার প্রেক্ষাপটে, টানা তিনমাস উৎপাদন বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হল। সংযুক্ত আরব আমীরশাহীর বেরিয়ে যাওয়ার পর, ইরানসহ ওপেক প্লাস জোটে বর্তমানে ২১টি সদস্য দেশ রয়েছে। গত সপ্তাহে সংযুক্ত আরব আমীরশাহী ঘোষণা করে যে, তারা ওপেক এবং ওপেক প্লাস জোট থেকে বেরিয়ে যাচ্ছে। দেশটি জানায়, এই সিদ্ধান্ত তাদের দীর্ঘমেয়াদী কৌশলগত ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি এবং পরিবর্তনশীল জ্বালানি পরিস্থিতিরই প্রতিফলন। ইউ-এ-ই-র পিছিয়ে আসা তেল জোটটিকে দুর্বল করে দিতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

*************************

৪৬ হাজার ৩১৩ মেট্রিক টন এলপিজি নিয়ে MT সর্বশক্তি নামের একটি জাহাজ গতকাল নিরাপদে হরমুজ প্রণালী পার করেছে। এ মাসের ১৩ তারিখ নাগাদ ওই জাহাজ টি বিশাখাপত্তনমে পৌঁছবে। জাহাজে থাকা ২০ জন সদস্যের মধ্যে ১৮ জনই ভারতীয় । কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রক গতকাল জানিয়েছে সব ভারতীয় নাবিকরাই নিরাপদে রয়েছেন। ভারতীয় পতাকাবাহী জাহাজকে আটকানোর কোনো খবর নেই।

*************************

ভারত-কম্বোডিয়া দ্বিপাক্ষিক সামরিক মহড়া 'সিনব্যাক্স-২'-এর দ্বিতীয় পর্যায়ে অংশ নিতে ভারতীয় সেনাবাহিনীর একটি দল কম্বোডিয়ার উদ্দেশে রওনা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে ভারতীয় সেনাবাহিনীর জনতথ্য বিভাগের অতিরিক্ত মহানির্দেশক জানিয়েছেন যে, এই মহড়াটি চলতি মাসের ৪ থেকে ১৭ তারিখ পর্যন্ত তেচো সেন নম থম মরেয়াস প্রদেশের রয়্যাল কম্বোডিয়ান এয়ার ফোর্স ট্রেনিং সেন্টারে অর্থাৎ ক্যাম্প বাসিল-এ অনুষ্ঠিত হবে। সোনাবাহিনী জানিয়েছে, এই মহড়ায় অজানা পরিবেশে অভিযান পরিচালনার উপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা থাকছে।

*************************

আজ বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস বা 'ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে'। সংবাদ মাধ্যমের স্বাধীনতা রক্ষা ও প্রসারে নতুন নতুন উদ্যোগকে উৎসাহিত করতে এবং বিশ্বজুড়ে সাংবাদিকতার বর্তমান পরিস্থিতি পর্যালোচনার উদ্দেশ্যে প্রতি বছর এই দিনটি পালিত হয়। ১৯৯১ সালে ইউনেস্কোর ২৬তম সাধারণ অধিবেশনে গৃহীত সুপারিশের ভিত্তিতে, ১৯৯৩ সালে রাষ্ট্রসংঘ সাধারণ সভায় এই দিনটিকে 'বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস' হিসেবে ঘোষণা করা হয়।

*************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জার্মানি থেকে আমেরিকার সেনা উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনার ঘোষণা করেছেন। গত শুক্রবার পেন্টাগন প্রাথমিকভাবে জার্মানি থেকে প্রায় ৫,০০০ সেনা সরানোর কথা ঘোষণা করেছিল। তবে গতকাল ফ্লোরিডায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রেসিডেন্ট ট্রাম্প জানান যে, সেনা প্রত্যাহারের পরিমাণ ৫,০০০-এর চেয়ে অনেক বেশি হবে। যদিও এই সিদ্ধান্তের পেছনে নির্দিষ্ট কোনো কারণ তিনি ব্যাখ্যা করেননি।

************************

আইপিএল ক্রিকেটে, আজ হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে সানরাইজার্স হায়দ্রাবাদ কলকাতা নাইট রাইডার্সের মুখোমুখি হবে। খেলা শুরু বিকেল সাড়ে তিনটেয়। সানরাইজার্স হায়দ্রাবাদ আইপিএল তালিকার তৃতীয় স্থানে রয়েছে, অন্যদিকে কলকাতা নাইট রাইডার্স অষ্টম স্থানে। অন্য একটি ম্যাচে, গুজরাট টাইটান্স আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে পাঞ্জাব কিংসের মুখোমুখি হবে। ম্যাচ শুরু সন্ধ্যা ৭:৩০ টায়। পাঞ্জাব কিংস পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে, অন্যদিকে গুজরাট টাইটান্স পঞ্চম স্থানে রয়েছে।

******************************************************************